

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলে এক শিক্ষার্থীকে রড দিয়ে পেটালেন অভিযোগ উঠেছে হল ছাত্রলীগের এক নেতার বিরুদ্ধে। আহত শিক্ষার্থীকে তার বন্ধুরা ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে ভর্তি করেন। মারধরের শিকার শিক্ষার্থী প্রস্তর এবং হল প্রাধ্যক্ষ বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন। গত মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে বিজয় একাত্তর হলের যমুনা ব্লকের ১০০১১ নম্বর কক্ষে এ মারধরের ঘটনা ঘটে।

advertisement

অভিযুক্ত মোনাফ প্রান্ত ২০১৯-২০ শিক্ষাবর্ষের ইতিহাস বিভাগের শিক্ষার্থী। তিনি বিজয় একাত্তর হল শাখা

advertisement 4

ছাত্রলীগের কার্যনির্বাহী সদস্য। অন্যদিকে

ভুক্তভোগী রাসেল মাহমুদ, একই শিক্ষাবর্ষের বাংলা বিভাগের শিক্ষার্থী। দুজনই হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু ইউনুসের অনুসারী। অন্যদিকে আবু ইউনুস ঢাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সান্দাম হোসেনের অনুসারী।

জানা যায়, হল ছাত্রলীগের কমিটি হওয়ার পর এলাকাভিত্তিক (উত্তরবঙ্গ-দক্ষিণবঙ্গ) দ্বন্দ্ব এড়াতে গত মঙ্গলবার রাতে ছাত্রদের বিভিন্ন কক্ষে নতুন করে শিফট করা হয়। ভুক্তভোগী রাসেল মাহমুদের কক্ষে অভিযুক্ত প্রান্তকে শিফট করা হয়। ভুক্তভোগী কক্ষ থেকে বের হতে একটু দেরি হওয়ায় দুজনের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে প্রান্ত তাকে রড দিয়ে আঘাত করেন।

রাসেল মাহমুদ বলেন, রুম পরিবর্তনের সময় আমি রিডিংরুমে ছিলাম। রুমে এসে দেখি প্রান্ত (অভিযুক্ত) আমার রুমে। আমি ঢোকার সঙ্গে সঙ্গে সে বলে, ‘এখনো রুম থেকে সব জিনিস নিয়ে যাস নাই কেন? তাড়াতাড়ি নিয়ে যা।’ এ কথা বলেই গালিগালাজ শুরু করে, এরপর রড দিয়ে আঘাত করে।

অভিযুক্ত মোনাফ প্রান্ত বলেন, ‘তিলকে তাল বানানো হচ্ছে। বিষয়টি এ রকম নয়। এটা নিয়ে অন্যরা সুযোগ নিচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের প্রস্তর অধ্যাপক ড. একেএম গোলাম রক্বানী বলেন, এমন একটি অভিযোগ পেয়েছি, বিষয়টি খতিয়ে দেখা হবে। হল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।